

**পদোন্নতি সংক্রান্ত নীতিমালা স্থগিত**

**শিক্ষক কর্মকর্তা কর্মচারীদের কর্মসূচীর কারণে  
ইসলামী বিশ্ববিদ্যালয় কার্যক্রমে অচলাবস্থা**

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতি সংক্রান্ত নীতিমালা স্থগিতের সিদ্ধান্তের প্রতিবাদে গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীরা অঘোষিতভাবে কর্মবিরতি পালন করে পৃথক পৃথক সমাবেশ করে। সমাবেশ থেকে পদোন্নতির প্রচলিত নীতিমালা বহাল রাখার দাবীতে বিভিন্ন কর্মসূচী ও আন্টিমেটাম ঘোষণা করেছে। কর্মকর্তা ও কর্মচারীদের কর্মবিরতির ফলে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমে চরম অচলাবস্থা সৃষ্টি হয়েছে। গত ২৫ আগস্ট বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক সকল বিশ্ববিদ্যালয়ে প্রেরিত এক পত্রের মর্মানুযায়ী ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর মুত্তাফিজুর রহমান গত ২৭ আগস্ট জরুরী সিন্ডিকেট বৈঠকের মাধ্যমে

পদোন্নতির আন্তঃরীণ নীতিমালা স্থগিত ঘোষণা করেন। এই ঘোষণার প্রেক্ষিতে সংশ্লিষ্ট মহলে চরম ফোড়ের সৃষ্টি হয়। শিক্ষক সমিতি গত বুধবার এক বৈঠকে উক্ত সিদ্ধান্তের তীব্র নিন্দা জানিয়ে তা প্রত্যাহারের দাবী জানায়। সর্বশেষ ফোড়ের বহিঃপ্রকাশ হিসেবে গতকাল (বৃহস্পতিবার) কর্মকর্তা ও সাধারণ কর্মচারীরা নিজ নিজ কর্মস্থল ত্যাগ করে পৃথকভাবে সমাবেশ করেছে। সাধারণ কর্মচারী সমিতির ব্যানারে কর্মচারীরা প্রশাসন ভবনের সামনে এবং কর্মকর্তা সমিতি বিশ্ববিদ্যালয় ক্লাবে সমাবেশ করে পদোন্নতির পূর্ব নীতিমালা বহাল রাখার দাবীতে ভিসির নিকট স্বাক্ষরিত প্রদানের সিদ্ধান্ত নেয়। এছাড়া আগামী ২ সেপ্টেম্বর বেলা ১২টার মধ্যে উক্ত দাবী বাস্তবায়ন না হলে দাবী আদায়ের জন্য পরবর্তীতে বৃহত্তর কর্মসূচী ঘোষণার ছমকি প্রদান করে।